

🔳 আল-ইনশিকাক | Al-Inshiqaq | ٱلْإِنْشِقَاق

আয়াতঃ ৮৪: ২১

া আরবি মূল আয়াত:

🗚 অনুবাদসমূহ:

আর যখন তাদের কাছে কুরআন তিলাওয়াত করা হয় তখন তারা সিজদা করে না। [সাজদাহ] 🗈 — আল-বায়ান আর তাদের কাছে যখন কুরআন পাঠ করা হয় তখন সাজদাহ করে না? [সাজদাহ] 🗈 — তাইসিরুল এবং তাদের নিকট কুরআন পঠিত হলে তারা সাজদাহ করেনা? [সাজদাহ] 🗈 — মুজিবুর রহমান

And when the Qur'an is recited to them, they do not prostrate [to Allah]? — Sahih International

- ২১. আর যখন তাদের কাছে কুরআন পাঠ করা হলে তখন তারা সিজদা করে না?(১) [সাজদাহ] 🗈
 - (১) অর্থাৎ যখন তাদের সামনে সুস্পষ্ট হেদায়েত পরিপূর্ণ কুরআন পাঠ করা হয়, তখনও তারা আল্লাহর দিকে নত হয় না। مسجود বা আল্লাহর আভিধানিক অর্থ নত হওয়া, আনুগত্য করা। বলাবাহুল্য, এখানে পারিভাষিক সাজদার পাশাপাশি আল্লাহর সামনে আনুগত্য সহকারে নত হওয়া তথা বিনীত হওয়াও উদ্দেশ্য। আবু হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু এ সূরা পড়ে সাজদাহ করলেন, তারপর লোকদের দিকে ফিরে জানালেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ওয়া সাল্লাম স্বয়ং এ সূরা পড়ার পরে সাজদাহ করেছেন। [মুসলিম: ৫৭৮]

অন্য বর্ণনায় এসেছে, তিনি এশার সালাতে এ সূরা পাঠের পর সাজদাহ করলেন, এ ব্যাপারে জিজ্ঞাসিত হওয়ার পর বললেন, আমি আবুল কাসেম (মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর পিছনে সাজদাহ করেছি, সুতরাং তার সাথে মিলিত হওয়ার আগ পর্যন্ত সাজদাহ করবই।" [বুখারী: ১০৭৮, মুসলিম: ৫৭৮]

তাফসীরে জাকারিয়া

- ২১। এবং তাদের নিকট কুরআন পঠিত হলে তারা সিজদাহ করে না? [1] [সাজদাহ] 🗹
 - [1] হাদীসসমূহ থেকে এখানে নবী (সাঃ) এবং সাহাবীগণের সিজদা করার কথা প্রমাণিত আছে। (অতএব এ আয়াত পাঠ করার পর সিজদা করা মুস্তাহাব। সিজদার আহকাম জানতে সূরা আ'রাফের শেষ আয়াতের টীকা দেখুন।)

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5905

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন